

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
২ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার ৩০.১২.২০২১ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় উচ্চ মাধ্যমিকসহ বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য উচ্চ মাধ্যমিক তদারকি কমিটি অথবা স্ব স্ব বিভাগে যোগাযোগ করার জন্য বলা হলো।

- ১। আগামী ০৬.০১.২০২২ খ্রি. তারিখের মধ্যে যে সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নেই এবং যাদের ১৬ ডিজিটের নিবন্ধন নম্বর তাদের পুনরায় নিবন্ধন সম্পন্ন করতে হবে।
- ২। ছাত্র-ছাত্রীদেরকে কলেজ পরিচয়পত্র, অনলাইনে পূরণকৃত জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি স্ব স্ব বিভাগে এবং উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অ্যাকাডেমিক ভবন-১ এর অফিস কক্ষে জমা দিতে হবে।
- ৩। শিক্ষার্থীর সচল একটি মোবাইল নম্বর দিতে হবে।
- ৪। ৮-১৫ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখের মধ্যে টিকা প্রদানের জন্য ছাত্র-ছাত্রীদের পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে তারিখ জানানো হবে।

বিভাগসমূহ আগামী ০৬.০১.২০২২ খ্রি. তারিখ দুপুর ২:০০ টার মধ্যে শিক্ষার্থীর তালিকা ও উল্লিখিত কাগজপত্র জমা দিবেন।

Shreeen
০৭.০১.২০২২
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

Success
01.01.2022



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd



জরুরি
তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

নম্বর ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.১৮.৩৯০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৯/১২/২০২১ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ জনাব মোঃ আজিজুর রহমান এর সভাপতিত্বে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় ১২ থেকে ১৮ বছর বয়সী শিক্ষার্থীদের জন্মনিবন্ধন তথ্যের ভিত্তিতে সুরক্ষা অ্যাপের মাধ্যমে নিবন্ধন করে ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে ভ্যাকসিনেশনের আওতায় আনার লক্ষ্যে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহের প্রেক্ষিতে সংশ্লিষ্টদের নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো-

- আগামী ৬ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে যেসকল ছাত্র/ছাত্রীর জন্ম নিবন্ধন নেই এবং যাদের ১৬ ডিজিটের নিবন্ধন নম্বর তাদের পুনরায় নিবন্ধন সম্পন্ন করার বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নিশ্চিত করবেন;
- আগামী ৭ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে ভ্যাকসিন গ্রহণযোগ্য সকল ছাত্র/ছাত্রীর প্রতিষ্ঠান ভিত্তিক তালিকা সিভিল সার্জন অফিসে প্রেরণের বিষয়টি জেলা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিশ্চিত করবেন;
- ৮ - ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে টিকা প্রদানের জন্য নির্ধারিত দিনে ছাত্র/ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হওয়ার বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নিশ্চিত করবেন।

২। বর্ণিত অবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল জেলা শিক্ষা শিক্ষা কর্মকর্তা, থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানগণ ১২ বছর হতে ১৮ বছর বয়সী শিক্ষার্থীদের সুরক্ষা অ্যাপের মাধ্যমে নিবন্ধন করে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাকসিনেশনের আওতায় আনার লক্ষ্যে উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩০-১২-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক-২(অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/ মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ(সকল)/সরকারি টি.টি কলেজ (সকল)
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)

৮) জেলা শিক্ষা অফিসার(সকল)

৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

১১) সংরক্ষণ নথি।